

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগস্ট ২৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

প্রশাসন-৪ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬০-আইন/২০১৯।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের ক্রমিক নং ২৯ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
২৯।	চিত্রগ্রাহক (চলচ্চিত্র/ ইলেকট্রনিক)	৩০ বৎসর	(ক) ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u> উপ-সহকারী প্রকৌশলী (বেতার) বা উপ-সহকারী প্রকৌশলী (টেলিভিশন) বা উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ) উপ- সহকারী প্রকৌশলী (তড়িৎ) পদে ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ক্যামেরা পরিচালনায় সনদপ্রাপ্ত।

( ২১১২৯ )

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
			(খ) ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ ইলেকট্রনিক বা কম্পিউটার প্রকৌশল বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা পদার্থ বিজ্ঞানে (ইলেকট্রনিক বিষয়সহ) ফলিত পদার্থ বিজ্ঞানে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং (খ) ক্যামেরা পরিচালনা এবং আলোকচিত্রে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সনদপ্রাপ্ত।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক  
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd